বাংলাদেশ দূতাবাস
ব্রাসেলস

.....

প্রেস রিলিজ

ব্রাসেলস্-এ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস- ২০২৪ এবং জাতীয় প্রবাসী দিবস- ২০২৩ উদযাপন

ব্রাসেলস, ১১ জানুয়ারি ২০২৪।

বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস- এ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস- ২০২৪ এবং জাতীয় প্রবাসী দিবস- ২০২৩ যথাযোগ্য মর্যাদায় ১০ জানুয়ারি ২০২৪ তারিখে উদ্‌যাপন করা হয়।

অনুষ্ঠানে বেলজিয়াম ও লুক্সেমবার্গে বাংলাদেশের রাষ্ট্রদূত এবং ইউরোপিয়ান ইউনিয়নে বাংলাদেশের মিশন প্রধান মাহবুব হাসান সালেহ্ তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০ জানুয়ারি ১৯৭২ এ পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে দেশে ফেরার পথের ঐতিহাসিক মুহূর্তগুলোর উপর আলোকপাত করেন। বিশেষ করে তিনি উল্লেখ করেন লন্ডনে যেভাবে বঙ্গবন্ধু প্রিয় প্রবাসীদের সান্নিধ্যে এসেছিলেন। তিনি আশা প্রকাশ করেন, বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী নতুন মেয়াদে তাঁর গতিশীল ও দূরদর্শী নেতৃত্বে স্মার্ট জনগোষ্ঠী নিয়ে স্মার্ট বাংলাদেশ গঠনে এগিয়ে যাবেন। এ অগ্রযাত্রায় শামিল হওয়ার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। প্রবাসীদের কল্যাণে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত নানা উদ্যোগের কথা উল্লেখ করে তিনি সকলকে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের রিজার্ভ বৃদ্ধিতে আরো সক্রিয় ভূমিকা পালনের আহবান জানান।

অনুষ্ঠানে বেলজিয়াম এবং লুক্সেমবার্গে বসবাসরত বাংলাদেশ কম্যুনিটির সদস্যবৃন্দ স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। প্রবাসীরা তাঁদের বক্তব্যে বাংলাদেশে নির্বাচিত নতুন সরকারকে অভিনন্দন জানিয়ে বাংলাদেশের চলমান অগ্রযাত্রাকে আরো গতিশীল করতে তাঁদের সর্বোচ্চ সহযোগিতার অঙ্গীকার করেন। প্রবাসীদের প্রতি বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান ও ভালোবাসার বিষয়টি তুলে ধরে, ৩০ ডিসেম্বর-কে জাতীয় প্রবাসী দিবস হিসেবে ঘোষণা করায়, বাংলাদেশ সরকারকে তাঁরা ধন্যবাদ জ্ঞাপন করেন।

দিবস দুইটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ দূতাবাসের কর্মকর্তাবৃন্দ পাঠ করেন। এরপর চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সৌজন্যে নির্মিত তথ্যচিত্র ''স্বাধীন বাংলায় ফিরে এলেন বঙ্গবন্ধু'' এবং জাতীয় প্রবাসী দিবস- ২০২৩ উপলক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নির্মিত একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। এছাড়া, বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস- ২০২৪ উপলক্ষে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারীকে সঙ্গে নিয়ে সকালে রাষ্ট্রদূত মাহবুব হাসান সালেহ দূতাবাস প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।